জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

# ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি নির্দেশিকা

## (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ)

**(২০১১/২০১২/২০১৩ সালে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় বিজ্ঞান, মানবিক, গার্হস্থ্য অর্থনীতি এবং ব্যবসায় শিক্ষা শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)**

### তিন বছর মেয়াদী সাতক (পাস) কোর্সসমূহ

- ► ব্যাচেলর অব আর্টস [বি এ (পাস)]
- ► ব্যাচেলর অব সোস্যাল সায়েন্স [বি এস এস (পাস)]
- ► ব্যাচেলর অব সায়েন্স [বি এস সি (পাস)]
- ► ব্যাচেলর অব বিজনেস স্টাডিজ [বি বি এস (পাস)]
- ► ব্যাচেলর অব মিউজিক [বি মিউজ (পাস)]
- ► ব্যাচেলর অব স্পোর্টস [বি স্পোর্টস (পাস)]

### ভর্তি বিষয়ক ওয়েবসাইট

**(www.nu.edu.bd/admissions)**

**SMS Code : 16222**

## সাধারণ নির্দেশনা

► **১৫/০৪/২০১৪ তারিখ থেকে ০৫/০৫/২০১৪ তারিখের মধ্যে শিক্ষার্থীকে Online (www.nu.edu.bd/admissions) এ ভর্তির আবেদন ফরম প্রিন্ট করে সংশ্লিষ্ট কলেজে ০৫/০৫/২০১৪ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।**

► **ভর্তির সকল কার্যক্রমের সময় সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions)-এর মাধ্যমে জানা যাবে। SMS (NU<space>AT<space>Roll No টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।**

► **ভর্তির আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

► **এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/ নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

১। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি এ (পাস)/ বি এস এস (পাস)/ বি বি এস (পাস)/ বি মিউজ (পাস)/ বি স্পোর্টস (পাস) কোর্সে ভর্তির আবেদনের যোগ্যতা

| ক্রমিক নং | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার নাম | পাশের সন | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | সংশ্লিষ্ট পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ক। | এস.এস.সি. / সমমান (সকল শাখা) | ২০০৯/২০১০/২০১১ | বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় | উত্তীর্ণ |
| খ। | এইচ.এস.সি. / সমমান (সকল শাখা) | ২০১১/২০১২/২০১৩ | | |
| গ। | ১। এইচ.এস.সি. (ভোকেশনাল)<br>২। এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট)<br>৩। ডিপ্লোমা-ইন- কমার্স<br>৪। ডিপ্লোমা ইন ফরেস্ট্রি, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং<br>৫। বি.এফ.এ. প্রি ডিগ্রী (পাস) (শুধুমাত্র BFA (পাস) কার্সে ভর্তির জন্য প্রযোজ্য) | ২০১১/২০১২/২০১৩ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | |
| ঘ) | জি.ই.সি./সমমান পরীক্ষা | ২০০৯/২০১০/২০১১ | জিসিই/সমমান | কমপক্ষে তিনটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। |
| ঙ) | A-Level পরীক্ষা | ২০১১/২০১২/২০১৩ | জিসিই/সমমান | কমপক্ষে দু'টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। |

২। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি এস সি (পাস) কোর্সে ভর্তির সাধারণ যোগ্যতা

| ক্রমিক নং | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার নাম | পাশের সন | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | সংশ্লিষ্ট পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ক। | এস.এস.সি. / সমমান (বিজ্ঞান শাখা) | ২০০৯/২০১০/২০১১ | বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় | উত্তীর্ণ |
| খ। | এইচ.এস.সি. / সমমান (বিজ্ঞান শাখা) | ২০১১/২০১২/২০১৩ | | |
| গ। | ১। এইচ.এস.সি. (ভোকেশনাল)<br>২। ডিপ্লোমা ইন ফরেস্ট্রি, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/সিরামিক | ২০১১/২০১২/২০১৩ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | |
| ঘ) | জি.ই.সি./সমমান পরীক্ষা | ২০০৯/২০১০/২০১১ | জিসিই/সমমান | কমপক্ষে তিনটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। |
| ঙ) | A-Level পরীক্ষা | ২০১১/২০১২/২০১৩ | জিসিই/সমমান | কমপক্ষে দু'টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। |

► **উল্লিখিত কোর্সে ভর্তির জন্য এস.এস.সি. /সমমানের পরীক্ষা সনদ অনুযায়ী শিক্ষার্থীর বয়স ৩০/০৬/২০১৪ তারিখে ২৪ (চব্বিশ) বছরের অধিক হবে না।**

► বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে **বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক** তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও ভর্তির জন্য আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থীরা ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর সংগে সরাসরি যোগাযোগ করবে।

► **আবেদনকারী উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা মানবিক শাখার আবেদন ফরম পূরণ করবে।**

## ৩। স্নাতক (পাস) কোর্সে আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ

| ভর্তিচ্ছু কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ | উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বণ্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ক) **বি এ (পাস)** | ১) ইরেজি (১ম বর্ষ)<br>২) বংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (৩য় বর্ষ) | **নিম্নের প্রদত্ত গুচ্ছসমূহের যে কোন তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না।**<br>**ক গুচ্ছ**- বাংলা(ঐচ্ছিক)/ইংরেজি(ঐচ্ছিক)/সংস্কৃত/ আরবী/পালি<br>**খ গুচ্ছ**- ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>**গ গুচ্ছ**- গার্হস্থ্য অর্থনীতি/দর্শন/ভূগোল ও পরিবেশ/ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান<br>**ঘ গুচ্ছ**- অর্থনীতি/ সমাজবিজ্ঞান/সমাজকর্ম/ রাষ্ট্রবিজ্ঞান<br>**ঘ গুচ্ছ**- মনোবিজ্ঞান/ইসলামী শিক্ষা/ গণিত/পরিসংখ্যান | মানবিক শাখা → ৬০ %<br>বিজ্ঞান শাখা → ২০ %<br>ব্যবসায় শিক্ষা শাখা → ২০ %<br>**(সর্বশেষ মেধা তালিকা দেয়ার পরও যদি কোন শাখার সংরক্ষিত আসন পূরণ না হয় সেক্ষেত্রে অন্য শাখা থেকে মেধার ভিত্তিতে তা পূরণ করা হবে)** |
| খ) **বি এস এস (পাস)** | ১) ইরেজি (১ম বর্ষ)<br>২) বংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (৩য় বর্ষ) | **ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।**<br>**ক গুচ্ছ**- অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান/সমাজকর্ম<br>**খ গুচ্ছ**- মনোবিজ্ঞান/ ভূগোল ও পরিবেশ ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলামী শিক্ষা//দর্শন/ গার্হস্থ্য অর্থনীতি/ বাংলা(ঐচ্ছিক)/ইংরেজি(ঐচ্ছিক)/সংস্কৃত/ আরবী/পালি | মানবিক শাখা → ৬০ %<br>বিজ্ঞান শাখা → ২০ %<br>ব্যবসায় শিক্ষা শাখা → ২০ %<br>**(সর্বশেষ মেধা তালিকা দেয়ার পরও যদি কোন শাখার সংরক্ষিত আসন পূরণ না হয় সেক্ষেত্রে অন্য শাখা থেকে মেধার ভিত্তিতে তা পূরণ করা হবে)** |
| গ) **বি এস সি (পাস)** | ১) ইরেজি (১ম বর্ষ)<br>২) বংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (৩য় বর্ষ) | **ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি ও খ গুচ্ছ থেকে ০১ (একটি) অথবা গ গুচ্ছ থেকে ০২ (দুই) টি ও ঘ গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে।**<br>**নির্বাচিত বিষয়সমূহ উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। তবে মৃত্তিকাবিজ্ঞান/ প্রাণ রসায়ন/গার্হস্থ্য অর্থনীতি/ভূগোল ও পরিবেশ বিষয়ের ক্ষেত্রে শর্তটি শিথিলযোগ্য।**<br>**ক গুচ্ছ**- পদার্থবিজ্ঞান ও গণিত<br>**খ গুচ্ছ**- রসায়ন/ভূগোল ও পরিবেশ/কম্পিউটার সায়েন্স/মনোবিজ্ঞান/পরিসংখ্যান/ মৃত্তিকা বিজ্ঞান/প্রাণ রসায়ন/গার্হস্থ্য অর্থনীতি/ উদ্ভিদবিজ্ঞান /প্রাণীবিজ্ঞান<br>**গ গুচ্ছ**- উদ্ভিদবিজ্ঞান ও প্রাণীবিজ্ঞান<br>**ঘ গুচ্ছ**- রসায়ন/ভূগোল ও পরিবেশ/কম্পিউটার সায়েন্স/মনোবিজ্ঞান/পরিসংখ্যান/ মৃত্তিকা বিজ্ঞান/প্রাণ রসায়ন/গার্হস্থ্য অর্থনীতি/গণিত/পদার্থবিজ্ঞান | বিজ্ঞান শাখা → ১০০% |

| ভর্তিচ্ছু কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ | উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বণ্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ঘ) **বি বি এস (পাস)** | ১) ইংরেজি (১ম বর্ষ)<br>২) বংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (৩য় বর্ষ) | **ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।**<br>**ক গুচ্ছ**- হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা<br>**খ গুচ্ছ**- ফিন্যান্স এন্ড ব্যাংকিং/ মার্কেটিং/ অর্থনীতি/পরিসংখ্যান/কম্পিউটার সায়েন্স | মানবিক শাখা → ১০ %<br>বিজ্ঞান শাখা → ২০ %<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৭০ %<br>**(সর্বশেষ মেধা তালিকা দেয়ার পরও যদি কোন শাখার সংরক্ষিত আসন পূরণ না হয় সেক্ষেত্রে অন্য শাখা থেকে মেধার ভিত্তিতে তা পূরণ করা হবে)** |
| ঙ) **বি স্পোর্টস (পাস)** | ১) ইরেজি (১ম বর্ষ)<br>২) বংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (৩য় বর্ষ) | **ক গুচ্ছ -বি এ (পাস)/ বি এস সি (পাস) কোর্সের নৈর্বাচনিক গুচ্ছ থেকে যে কোন দু'টি বিষয়**<br>**খ গুচ্ছ - ক্রীড়া বিজ্ঞান- ১ম পত্র**<br>**গ গুচ্ছ - নিম্নের যে কোন একটি বিষয়**<br>**i) হকি ii) ক্রিকেট iii) ফুটবল iv) সুটিং**<br>**v) জিমন্যাস্টিক্স vi) বক্সিং vii) টেনিস**<br>**viii) সাঁতার ix)** এ্যাথলেটিক্স<br>x) বাস্কেটবল | **উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে।**<br>**** উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে ঐচ্ছিক বিষয় হিসাবে ক্রীড়া থাকতে হবে।** |
| চ) **বি মিউজিক (পাস)** | ১) ইরেজি (১ম বর্ষ)<br>২) বংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (৩য় বর্ষ) | **ক গুচ্ছ - দু'টি বিষয় সঙ্গীত (আবশ্যিক)**<br>**খ গুচ্ছ - নিম্নের যে কোন একটি বিষয়ের ২য়, ৩য় ও ৪র্থ পত্র।**<br>**i) ইতিহাস ii) অর্থনীতি iii) রাষ্ট্রবিজ্ঞান iv) দর্শন v) সমাজবিজ্ঞান vi) মনোবিজ্ঞান** | **উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে।**<br>**** উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে ঐচ্ছিক বিষয় হিসাবে সঙ্গীত থাকতে হবে।** |

## ৪। Online এ ভর্তি পরীক্ষার আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **লগইন (Login)** | আবেদনকারীকে নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions) এ গিয়ে Login করতে হবে এবং website এ প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড ও পাসের সন, ব্যক্তিগত মোবাইল নম্বর ও **ই-মেইল নম্বর** (যদি থাকে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। |
| **কলেজ পছন্দ** | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজের **১ম বর্ষ** স্নাতক (পাস) শ্রেণীর অধিভুক্ত কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। |
| **কোর্স পছন্দক্রম** | website এর তথ্য ছকে পছন্দ অনুযায়ী একটি কলেজ **Select** করে এন্ট্রি দিলে আবেদনকারী তার ভর্তি যোগ্য **(Eligible) কোর্সসমূহের তালিকা দেখতে পাবে** এবং এই তালিকা থেকে শিক্ষার্থী সর্তকতার সংগে তার প্রার্থিত এক বা একাধিক কোর্সের পছন্দক্রম নির্ধারণ করবে। |
| **কোটা** | মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধী (***সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে***) কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। |
| **ছবি সংযোজন** | আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size: 50Kb. |
| **ফরম চূড়ান্তকরণ** | সঠিক তথ্যসহ আবেদন ফরম পূরণ করে প্রথমে **Save** করতে হবে। ফরমটি অনলাইনে **Submit** করা হলে আবেদনকারীর নাম, **রোল নম্বর, পিন কোড, কলেজের নাম ও কোর্সের পছন্দক্রমসহ** একটি নতুন ফরম **website** এ দেখা যাবে। আবেদনকারীকে উক্ত ফরমটি Download করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। |
| **সংশ্লিষ্ট কলেজে ফরম জমা ও ফি প্রদান** | আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও Online এ ভর্তির আবেদন **ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/ দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরত দেয়া হবে। যখনই কলেজ শিক্ষার্থীর আবেদন online এ নিশ্চায়ন করবে তখন শিক্ষার্থী এসএমএস এর মাধ্যমে তা জানতে পারবে। |

| | |
|---|---|
| চূড়ান্ত আবেদন ফরম বাতিলকরণ | আবেদন ফরম চূড়ান্তকরণের পরও যদি কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে কলেজের নাম ও কোর্সের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে চাইলে তাকে **Cancel option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বর/ ই-মেইলে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে শিক্ষার্থী তার চূড়ান্ত আবেদন ফরমটি বাতিল করতে পারবে এবং নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে।<br><br>► শিক্ষার্থীরা চূড়ান্ত ফরম বাতিলের সুযোগ মাত্র একবারই পাবে। |

৫। মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত প্রতিটি কোর্সে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে।<br>বিষয়ভিত্তিক আসন বন্টন | কোটার কোর্সভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না।<br>কলেজভিত্তিক আসন বন্টন | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| আদিবাসি | ০১ টি | ০৭ টি | |
| প্রতিবন্ধী | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

৬। **ফলাফল**

ক) স্নাতক (পাস) কোর্সসমূহে ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের নিম্নরূপ হারে সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে কোর্স বরাদ্দ দেয়া হবে।

মেধা তালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন

| এস.এস.সি. /সমমান (৪র্থ বিষয় ব্যতিত) পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৪০% | এইচ.এস.সি. /সমমান (৪র্থ বিষয় ব্যতিত) পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৬০% | সর্বমোট নম্বর |
|---|---|---|
| ৪০ | ৬০ | ১০০ |

খ) একই কলেজের দুই বা ততোধিক আবেদনকারীর মেধাস্কোর সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর এইচ.এস.সি./সমমান (৪র্থ বিষয় ব্যতিত) পরীক্ষায় প্রাপ্ত GPA ও এস.এস.সি./সমমান (৪র্থ বিষয় ব্যতিত) পরীক্ষায় প্রাপ্ত GPA এবং জন্ম তারিখের উর্ধ্বক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে ১) ১ম মেধা তালিকা ও কোর্স পরিবর্তন, ২) শূন্য আসন সাপেক্ষে ২য় মেধা তালিকা ও কোর্স পরিবর্তন এবং ৩) কোটার ফলাফল প্রকাশ করা হবে।

ঘ) সর্বশেষ মেধা তালিকা দেয়ার পরেও যদি কোন কলেজে কোর্সভিত্তিক আসন শূন্য থাকে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজে আবেদনকারী শিক্ষার্থীদের থেকে (যারা ভর্তি হয়নি) পুনরায় কোর্সের পছন্দক্রম গ্রহণ করে মেধাভিত্তিক ফলাফল প্রকাশ করা হবে। উক্ত ফলাফল প্রকাশের পরে রিলিজ স্লিপে আবেদন করার সুযোগ দেয়া হবে।

ঙ) সংশ্লিষ্ট কলেজ তাদের **User ID** ও **Password** ব্যবহার করে ভর্তির কোর্সওয়ারী ফলাফল দেখতে পারবে। শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট **website (www.nu.edu.bd/admissions)/SMS** (**NU<space>AT<space>Roll No** টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

৭। মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|

| | |
|---|---|
| **লগইন (Login)** | **মেধা তালিকায় স্থান প্রাপ্ত** শিক্ষার্থীকে **ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পিন কোড** সঠিকভাবে এন্ট্রি করে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম, বরাদ্দকৃত কোর্স, সংশ্লিষ্ট **কলেজের** নাম ও অন্যান্য তথ্যসহ একটি ভর্তি ফরম **website** এ প্রদর্শিত হবে। এ পর্যায়ে চূড়ান্ত ভর্তি ফরমে শিক্ষার্থীর অভিভাবকের নাম, বার্ষিক আয়, স্থায়ী ও বর্তমান ঠিকানাসহ কিছু তথ্য সংযোজন করতে হবে। |
| **আবেদন ফরমের প্রিন্ট** | **সঠিক তথ্যসহকারে আবেদন ফরমটি save করে অনলাইনে submit করা হলে একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম website এ দেখা যাবে। উক্ত ফরমটির দুই কপি A4** (8.5″×11″) অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তিকালে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| **বিষয় পরিবর্তনের আবেদন** | **মেধা তালিকায় স্থান প্রাপ্ত** কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে চাইলে ভর্তির আবেদন ফরমের কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে টীক (√) চিহ্ন দিতে হবে। |
| **সংশ্লিষ্ট কোর্সে নৈর্বাচনিক বিষয় নির্বাচন** | **প্রতিটি শিক্ষার্থীকে চূড়ান্ত ভর্তি ফরমের নির্ধারিত ঘরে তার প্রার্থিত কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধিভুক্ত বিষয়সমূহ থেকে ০৩ (তিন)টি নৈর্বাচনিক বিষয়ের পছন্দ হাতে লিখে দিতে হবে। নৈর্বাচনিক বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই ভর্তি নির্দেশিকার ৩ নং অনুচ্ছেদ অনুসরণ করতে হবে।** |
| **সংশ্লিষ্ট** কলেজে **ফরম জমা** | আবেদনকারীকে প্রিন্ট করা ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি ফি** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে । |
| **কোর্স পরিবর্তনের ফলাফল ও করণীয়** | **সংশ্লিষ্ট** কলেজে কোর্সভিত্তিক আসন শূন্য থাকা সাপেক্ষে ও মেধাস্কোরের ভিত্তিতে শিক্ষার্থীকে তার কোর্স পছন্দক্রমের উর্ধ্বক্রমে কোর্স পরিবর্তনের ফলাফল ভর্তি সংশ্লিষ্ট website/SMS এর মাধ্যমে জানানো হবে। শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে নির্দিষ্ট website থেকে একই প্রক্রিয়ায় কোর্স পরিবর্তনের ফরম সংগ্রহ করে **সংশ্লিষ্ট** কলেজে জমা দিতে হবে। **উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পুর্বের কোর্সের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে পূর্বের কোর্সেই তার ভর্তি বহাল থাকবে ।**<br>► **কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না।** |
| **কোটার ফলাফল** | **রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার তালিকা প্রকাশ করা হবে। যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে মেধা তালিকায় স্থান পেয়ে প্রার্থিত কোর্সে ভর্তি হয়েছে এবং একই সংগে কোটায় নতুন কোর্স বরাদ্দ পেয়েছে সে সকল শিক্ষার্থী কোটায় বরাদ্দকৃত কোর্সে ভর্তি হতে চাইলে তাদের পূর্বের ভর্তি বাতিল হয়ে যাবে।** |
| **চূড়ান্ত ভর্তি নিশ্চায়ন** | **সংশ্লিষ্ট** কলেজ **কর্তৃক** Online এ **মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তি/কোর্স পরিবর্তন নিশ্চয়ন করা হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়াও শিক্ষার্থী** Online এ লগইন করেও জানতে পারবে। |

## ৮। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য

**যে সকল শিক্ষার্থী ক) আবদন ফরম পূরণ করেও মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হয়নি গ) ভর্তি বাতিল করছে, সে সকল শিক্ষার্থী রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।**

| রিলিজ স্লিপের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **লগইন (Login)** | **রিলিজ স্লিপে আবেদনের জন্য** শিক্ষার্থীকে **রোল নম্বর ও পিন কোড** সঠিকভাবে এন্ট্রি করে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম **website** এ প্রদর্শিত হবে। |
| **কলেজ ও কোর্স পছন্দক্রম নির্ধারণ** | রিলিজ স্লিপের আবেদন ফরমের **College option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ **Select** করলে ঐ কলেজের কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার **Eligible কোর্সের তালিকা** দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার **Eligible কোর্সের** তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী **সর্বোচ্চ পাঁচটি কলেজে** কোর্স পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে পারবে। |
| **আবেদন ফরম চূড়ান্তকরণ** | সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে প্রথমে **Save** করে অনলাইনে **Submit** করলে আবেদনকারী তার নাম, রোল নম্বর, পিন কোড ও কলেজের নাম ও বিষয় পছন্দক্রমসহ একটি নতুন আবেদন ফরম **website** এ দেখতে পাবে। উক্ত ফরমটি Download করে **A4** (8.5″×11″) অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে তবে **এটি সংশ্লিষ্ট কলেজসমূহে জমা দিতে হবে না।** |
| **রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ** | **রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরও যদি কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে** কলেজের **নাম ও কোর্সের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে চাইলে তাকে Cancel option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বর/ ই-মেইলে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিল করতে পারবে এবং নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পুরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে।**<br>► **শিক্ষার্থীরা চূড়ান্ত ফরম বাতিলের সুযোগ মাত্র একবারই পাবে।** |
| **রিলিজ স্লিপের ফলাফল** | **রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে প্রকাশ করা হবে। রিলিজ স্লিপে আবেদনকারী শিক্ষার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।** |
| **চূড়ান্ত ভর্তি ফরম সংগ্রহ ও** | **কোন শিক্ষার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজে কোর্স বরাদ্দ পেলে তাকে website থেকে ভর্তির চূড়ান্ত** |

| | |
|---|---|
| ভর্তি | **ফরম প্রিন্ট করতে হবে।** এই আবেদন ফরমের সংগে শিক্ষার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি **ফি** সংশ্লিষ্ট **কলেজে** নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। **রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরমের** একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে । |

## ৯। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **সংশ্লিষ্ট কলেজের User ID, Password ও One Time Password (OTP) সংগ্রহ** | **জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত প্রাথমিক User ID ও Password দিয়ে সংশ্লিষ্ট কলেজ তাদের স্নাতক (পাস) ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য লগইন করবে। প্রাথমিক আবেদন ফরম ও চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate the Security key অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ মোবাইল ফোন/ ই-মেইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন করা যাবে। এ লক্ষ্যে কলেজ/ইন্সটিটিউট কর্তৃপক্ষকে ভর্তির কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুই জন দায়িত্বশীল শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে প্রেরণ করতে হবে।** |
| **ভর্তির আবেদন ফরম সংগ্রহ** | **সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীর নিকট থেকে অনলাইনে প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমা রেখে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করবে।** |
| **ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি** | **নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ কর্তক সকল আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড ব্যবহার করে website এ এন্ট্রি নিশ্চিত করতে হবে। কলেজ কর্তৃক এন্ট্রি নিশ্চিত করা না হলে কোন আবেদনকারীকে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচনা করা হবে না।** |
| **অনলাইনে ভর্তির আবেদন 'ফি'র নির্ধারিত অংশ জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ** | **আবেদনকারীদের কোর্সওয়ারী তালিকাসহ অনলাইনে ভর্তির আবেদন ফির নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ১৬০/- (একশত ষাট) টাকা] জাতীয় বিশ্ববিদ্যালয়ের 'ভর্তি ফান্ড' বরাবর ডি.ডি. করে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।** |

## ১০। চূড়ান্তভাবে ভর্তির বিষয়ে কলেজের করণীয়ঃ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য যাচাই** | **সংশ্লিষ্ট কলেজ চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার রোল, বোর্ড, জি.পি.এ. ও জন্ম তারিখ শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সংগে মিলিয়ে দেখতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরম ও নম্বরপত্রের সংগে তথ্যগত অসংগতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এ জানাতে হবে।** |
| **সংশ্লিষ্ট কোর্সে নৈর্বাচনিক বিষয় নিশ্চায়ন** | **সংশ্লিষ্ট কলেজকে প্রতিটি শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তি ফরমের নির্ধারিত ঘরে তার প্রার্থিত কোর্সে ভর্তির জন্য ০৩ (তিন)টি নৈর্বাচনিক বিষয়ের পছন্দ এন্ট্রি দিতে হবে। সংশ্লিস্ট কলেজকে নৈর্বাচনিক বিষয় এন্ট্রি দেয়ার সময় ঐ সকল বিষয়ে অধিভুক্ত কিনা তা যাচাই করতে হবে এবং ভর্তি নির্দেশিকার ৩ নং অনুচ্ছেদ অবশ্যই অনুসরণ করতে হবে।** |
| **শিক্ষার্থীদের অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ** | **সংশ্লিষ্ট কলেজকে** মেধা তালিকা, কোর্স পরিবর্তন, রিলিজ স্লিপ ও কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের স্ব স্ব কোর্সে চূড়ান্তভাবে ভর্তি নিশ্চায়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে। **সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তির এন্ট্রি website এ নিশ্চায়ন না করা হলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।** |

## ১১। চূড়ান্তভাবে ভর্তির জন্য কোর্সওয়ারী ফিসের হার

| কোর্সের নাম | ফিসের ধরণ | ফিসের হার |
|---|---|---|
| **সকল কোর্স** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি | **= ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা** |
| | ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি | = ২০/- (বিশ) টাকা |
| | iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি | = ৫/- (পাঁচ) টাকা |
| | iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১০/- (দশ) টাকা |
| | মোট | **= ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা** |
| | **শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি** | = ৫০০/- (পাঁচশত) টাকা |

**১২। কোর্সওয়ারী ভর্তি ফি'র নির্ধারিত অংশ জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ**

**সংশ্লিষ্ট কলেজকে মেধা তালিকা, রিলিজ স্লিপ ও কোটায় চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থী প্রতি উপরিল্লিখিত হারে কোর্সওয়ারী ভর্তি ফি জাতীয় বিশ্ববিদ্যালয়ের 'রেজিস্ট্রার' বরাবর ডি.ডি. করে নির্ধারিত সময়ের মধ্যে পাঠাতে হবে। উক্ত ডি.ডি. এর সংগে কোর্সভিত্তিক চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের নামের তালিকা (website** থেকে প্রিন্ট করে) **সংযুক্ত করতে হবে।**

**(প্রফেসর ড. মোবাশ্বেরা খানম)**
**ডীন (ভারপ্রাপ্ত)**
**স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল**
**ও**
**সদস্য সচিব**
**১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি, ২০১৩-২০১৪**
**(ফোন : ৯২৯১০৬৮, ৯২৯১০৭৩)**

© *কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪।*